

B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

BENGALI

Course ID : 50117

Course Code : AH/BNG-504DSE-2

Course Title: কথাসাহিত্য

Time: 2 Hours

Full Marks: 40

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

- (ক) 'ঘরে বাইরে' উপন্যাসটি পুস্তকাকারে কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? উপন্যাসটি লেখক কাকে উৎসর্গ করেছেন?
- (খ) 'ঘরে বাইরে' উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশ পায়? উপন্যাসটি শেষ হয়েছে কার আত্মকথায়?
- (গ) 'শ্রীকান্ত' উপন্যাসটি ক'টি পর্বে বিভক্ত? এর পূর্ব নাম কী ছিল?
- (ঘ) শ্রীকান্তদের বাড়ীর কোন দিকে আম কাঁঠালের বাগান ছিল? বাগানটির নাম কী?
- (ঙ) কুবেরের মাছ ধরার সঙ্গী কারা ছিল? তাদের নৌকা এবং জালের মালিকের নাম লেখো।
- (চ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে রথ উৎসব কোন গ্রামে হয়? রথটি যে মাঠে সাতদিন থাকে সেই মাঠটির নাম কী?
- (ছ) 'ধাত্রীদেবতা' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্রের নাম কী? তাঁর সমবয়সী সঙ্গীটি কে?
- (জ) 'ধাত্রীদেবতা' উপন্যাসটি প্রথম প্রকাশিত হয় কত সালে? লেখকের প্রথম প্রকাশিত উপন্যাসটির নাম লেখো।

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- (ক) 'ঘরে বাইরে' উপন্যাসে বিমলা চরিত্রটির গুরুত্ব সংক্ষেপে বোঝাও।
- (খ) 'বায়ুলেশহীন নিষ্কম্প নিস্তন্ধ নিঃসঙ্গ নিশীথিনীর সে যেন এক বিরাট কালীমূর্তি।'— ঘটনাটি বিবৃত করে লেখকের বর্ণনা দক্ষতার পরিচয় দাও।
- (গ) "আঁধার রাইতে আশমান জমিন ফারাক কইরা থোও
বোনধু কত ঘুমাইবা।"—গানটির ব্যবহার উপন্যাসের গতিপথকে কতখানি প্রভাবিত করেছে তা প্রসঙ্গ উল্লেখে বুঝিয়ে দাও।
- (ঘ) একপ্রান্তে অবক্ষয়িত জমিদারতন্ত্রের প্রতি দুর্বলতা, অন্যদিকে গান্ধীবাদী রাজনৈতিক আন্দোলনে বিশ্বাস 'ধাত্রীদেবতা' উপন্যাসে কীভাবে লেখকের অনুভূতিকে পরিচালিত করেছে তা যুক্তিসহ বোঝাও।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) স্বদেশী আন্দোলনের পটভূমিতে লেখা 'ঘরে বাইরে' কোন জাতীয় উপন্যাস সে সম্পর্কে তোমার সুচিন্তিত অভিমত পরিস্ফুট করো।
- (খ) আত্মজীবনীমূলক উপন্যাস হিসেবে শ্রীকান্ত-র সার্থকতা বিচার করো।
- (গ) কুবেরের জীবন প্রবাহে কপিলা চরিত্রের গুরুত্ব কতখানি তার বিস্তৃত পরিচয় দাও।
- (ঘ) 'ধাত্রীদেবতা' উপন্যাসের নামকরণের যৌক্তিকতা বিশ্লেষণ করো।
-

B.A. 5th Semester (Honours) Examination, 2019-20**BENGALI****Course ID : 50117****Course Code : AH/BNG-504DSE-2****Course Title: নাট্য-সাহিত্য****Time: 2 Hours****Full Marks: 40**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

- (ক) কোন নাট্যশালায় কী নাটকের অভিনয় দেখে নাট্যকার মধুসূদনের নাটক রচনার ইচ্ছা জেগেছিল?
- (খ) ‘শর্মিষ্ঠা’ নাটকটি নাট্যকার কাদের নামে উৎসর্গ করেন? তাঁরা কোথাকার রাজা ছিলেন?
- (গ) ‘নুরজাহান’ শব্দের অর্থ লেখো। নুরজাহান কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?
- (ঘ) ‘নুরজাহান’ নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত? এর অংক ও মোট দৃশ্য সংখ্যা লেখো।
- (ঙ) ‘নবান্ন’ নাটকটি কত সালে কোথায় প্রথম অভিনীত হয়?
- (চ) ‘প্রধান সমাদ্দার’ চরিত্রটি কোন নাটকের? এই চরিত্রের প্রথম অভিনেতা কে ছিলেন?
- (ছ) ‘ব্যারিকেড’ নাটকটি নাট্যকার কার, কোন রচনা থেকে অনুপ্রাণিত হয়ে রচনা করেন?
- (জ) ‘ব্যারিকেড’ নাটকটির প্রথম পরিচালক কে? নাটকটির সমাপ্তি ঘটেছে কোন বাক্যটি দিয়ে?

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- (ক) ‘শর্মিষ্ঠা’ নাটকে ক’টি সঙ্গীত ব্যবহৃত হয়েছে? নাটকে সঙ্গীতগুলির উপযোগিতা বিচার করো।
- (খ) ‘নুরজাহান’ নাটকে লায়লা চরিত্রটির নাট্যোপযোগিতা বিচার করো।
- (গ) ‘সংলাপ নাটকের অন্যতম অপরিহার্য অঙ্গ।’—‘নবান্ন’ নাটক অবলম্বনে উক্তিটির গুরুত্ব সংক্ষেপে পর্যালোচনা করো।
- (ঘ) জার্মান প্রেক্ষাপটে লেখা ‘ব্যারিকেড’ নাটকটির সমসাময়িক প্রাসঙ্গিকতা কতখানি তা বোঝাও।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) “অলীক কুনাট্যরঙ্গে মজে লোক রাঢ়ে বঙ্গে
নিরখিয়া প্রাণে নাহি সয়।”

— তোমার পাঠ্য ‘শর্মিষ্ঠা’ নাটক অনুসরণে নাট্যকারের এই কথার যৌক্তিকতা বোঝাও।

- (খ) “এই নাটকে বাহিরের যুদ্ধ অপেক্ষা ভিতরের যুদ্ধ দেখাইতেই আমি আপনাকে সমধিক ব্যাপ্ত রাখিয়াছি।”—
‘নুরজাহান’ নাটক অবলম্বনে দ্বিজেন্দ্রলালের এই বক্তব্য বিষয়টি সম্বন্ধে তোমার সুচিন্তিত অভিমত দাও।
- (গ) ‘নবান্ন’ নাটক অনুসরণে রাধিকা চরিত্রটির প্রাসঙ্গিকতা বিশ্লেষণ করো।
- (ঘ) ‘ব্যারিকেড’ নাটকটির নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।
-